

কিশোর ভারতী ভগিনী নিবেদিতা কলেজ (কো-এড)

সেমেস্টার ৪ পরীক্ষা ২০২০ ॥ বাংলা ॥

SEC B

০৫.১২.২০২০

MAIL ID : sudakshina16@gmail.com

পূর্ণ মান - ৫০

সময়- ২ ঘণ্টা

১. যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখো : (অনধিক ৩০০ শব্দে)

২৫

- (ক) বই পড়া
- (খ) বিদ্যাসাগরের জন্মদ্বিশতবর্ষ
- (গ) পরিবেশ সচেতনতায় ছাত্রসমাজের ভূমিকা
- (ঘ) শরৎ সাহিত্যে গ্রামীণ সমাজ

২. নিচের প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোনো পাঁচটি)

৫X৩

- (ক) অহঙ্কার এবং অহংকার— এই দুভাবে লেখা বানানই শুদ্ধ, কিন্তু, অঙ্ক বানানটি অংক লিখলে, তা ভুল হবে কেন?
- (খ) পাখী এবং পাখি — এই দুটি রূপের মধ্যে কোন বানানটি বাংলা আকাদেমির বানানবিধিতে গ্রহণ করা হয়েছে? কেন?
- (গ) তুমি কী দেখেছ?
তুমি কি খাবে?
— এই দুটি বাক্যে কী এবং কি-র বানান পৃথক হলো কেন, বুঝিয়ে দাও।
- (ঘ) কাহিনি— এই শব্দের বানান হ্রস্ব ই-কার হওয়ার কারণ কী?
- (ঙ) শায়ক এবং সায়ক— তৎসম শব্দের এই দুটি বানানই সংস্কৃত অভিধানে স্বীকৃত, কিন্তু, বাংলা আকাদেমির বানানবিধিতে এর মধ্যে কোন বানানটি গ্রহণ করবার পরামর্শ দেওয়া হয়েছে? সম্পূর্ণ বাক্যে যুক্তিসহ উত্তর দাও।
- (চ) ‘ফরাসি’ শব্দের বানান হ্রস্ব ই-কার, কিন্তু ‘ইউরোপীয়’ বানানে দীর্ঘ ঈ -কার রয়েছে কেন বানানবিধিতে? বুঝিয়ে দাও।

৩. যে কোনো একটি প্রসঙ্গ অবলম্বনে নিচের সূত্রের সাহায্যে গল্প রচনা করো : (অনধিক ৩০০ শব্দে)

১০

- (ক) গল্পসূত্র : সুন্দরবনের এক গ্রামে থাকে দুই ভাই বোন--- উপল আর মাধুরী---একদিন গ্রামে ঢুকে পড়ে একটা হরিণ --- মেরে ফেলতে চায় গ্রামের লোকজন --- হরিণের মাংস সুস্বাদু তাই --- সুন্দর প্রাণীটিকে ভালোবেসে ফেলেছে ভাই আর বোন--- বাঁচাতে চায়--- জঙ্গলে ফিরিয়ে দিতে চায় হরিণকে...
- (খ) গল্পসূত্র : পড়তে খুব ভালোবাসে সুমিতা--- আঠেরোর আগেই বিয়ে দিতে চান বাবা-মা--- পাত্র স্থির-- সুমিতা পথ খোঁজে--- স্কুলের, বান্ধবীদের সঙ্গে যোগাযোগ--- সহায়তা প্রধান শিক্ষিকা আর পুলিশের--- বিয়ের মণ্ডপে বাবা, মা আর সুমিতা...

অথবা

৪. আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (International Phonetic Alphabet) চিহ্ন ব্যবহার করে নিচের অংশটি লেখো: ১০

পাখি আসিল। সঙ্গে কোতোয়াল আসিল, পাইক আসিল, ঘোড়সওয়ার আসিল। রাজা পাখিটিকে টিপিলেন, সে হাঁ করিল না, হুঁ করিল না। কেবল তার পেটের মধ্যে পুঁথির শুকনো পাতা খসখস গজগজ করিতে লাগিল।